# ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

(১৫০) প্রথমবার কখন মাসেহ করেছে এ ব্যাপারে কোন মানুষ যদি সন্দেহে পড়ে, তবে সে কি করবে?

এ অবস্থায় নিশ্চিয়তার উপর নির্ভর করবে। যদি সন্দেহ করে যে, যোহরের সময় মাসেহ করেছে না আছরের সময়। তখন সে আছরের সময়টাকে প্রথম মাসেহ গণ্য করবে। কেননা মূল হচ্ছে মাসেহ না করা। এই মূলনীতির দলীল হচ্ছে, ‘কোন বস্তু যে অবস্থায় ছিল সে অবস্থাতে থাকাটাই তার দাবী।’ তার বিপরীত না হওয়াটাই মূল। যখন জনৈক ব্যক্তি রাসূলুল্লাহ্ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর নিকট অভিযোগ করল, নামায অবস্থায় তার যেন কিছু বের হয়ে যাচ্ছে। সে কি করবে? তিনি বললেন, “নামায ছাড়বে না যে পর্যন্ত আওয়াজ না শুনবে বা দুর্গন্ধ না পাবে।”

Source — https://www.hadithbd.com/books/link/?id=681

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন